গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
শহীদ বুলবুল সরকারি কলেজ, পাবনা
sbgc.gov.college@gmail.com
www.sbgcp.edu.bd

মোবাইল-০১৩০৯-১২৫৬৬৪

বিজ্ঞপ্তি নম্বর: /২০২৬ তারিখ: ১০/১০/২০২৬ খ্রি.

একাদশ শ্রেণিতে ভর্তি বিজ্ঞপ্তি (শিক্ষাবর্ষ: ২০২৬-২০২৭)

শহীদ বুলবুল সরকারি কলেজ, পাবনায় ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের নিম্নোক্ত পদ্ধতিতে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।

১। **শহীদ বুলবুল সরকারি কলেজে ভর্তি প্রক্রিয়া আগামী ১১/১০/২০২৬ তারিখ হতে ১৩/১০/২০২৬ তারিখ পর্যন্ত সম্পূর্ণ অনলাইনে চলবে।**

২। **ভর্তি ফি এর বিবরন:**

ক্রমিক	বিভাগ	টাকা
০১	বিজ্ঞান	৩,১৪০/-
০২	মানবিক	৩,০৮০/-
০৩	ব্যবসায় শিক্ষা	৩০৮০/-
০৪	শিক্ষা বিরতি ফি (প্রযোজ্য ক্ষেত্রে)	১৫০/-

৩। মুক্তিযোদ্ধা কোটা (**FQ**) তে নির্বাচিত শিক্ষার্থীদের ভর্তির ক্ষেত্রে আগামী ১২/১০/২০২৬ তারিখ (সকাল ১০.০০ ঘটিকা) শিক্ষার্থীদের স্বশরীরে কলেজে উপস্থিত হয়ে নিম্নলিখিত কাগজ দাখিলপূর্বক কলেজের ভর্তি ফি জমা প্রদান করার অনুমোদন নিতে হবে। **FQ** কোটা শুধুমাত্র মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তানের ক্ষেত্রে বিবেচিত হবে। মুক্তিযোদ্ধা (**FQ**) কোটা সুবিধাপ্রাপ্ত শিক্ষার্থীদের নিম্নোক্ত কাগজপত্র দাখিল করতে হবে; (ক) এসএসসি'র মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট, (খ) মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধার গেজেট কপি, সনদের মূল কপি ও ফটোকপি, (গ) মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং এসএসসি'র সনদপত্রের ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে), (ঘ) শিক্ষার্থীর জন্য নিবন্ধনের অনলাইন কপি।

৪। শিক্ষা কোটা (**EQ-1** ও **EQ-2**) তে নির্বাচিত শিক্ষার্থীদের ভর্তির ক্ষেত্রে আগামী ১২/১০/২০২৬ তারিখ (সকাল ১০.০০টা) শিক্ষার্থীদের স্বশরীরে কলেজে উপস্থিত হয়ে নিম্নলিখিত কাগজপত্র দাখিলপূর্বক কলেজের ভর্তি ফি জমা প্রদান করার অনুমোদন নিতে হবে। **EQ-1** কোটাতে শিক্ষা মন্ত্রণালয়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের সন্তানদের ক্ষেত্রে বর্ণিত কোটা সুবিধায় ভর্তির জন্য বিবেচিত হবে। **EQ-2** কোটাতে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন সরকারি স্কুল, সরকারি কলেজ, সরকারি স্কুল এন্ড কলেজ এবং সরকারি শিক্ষা অফিসসমূহে কর্মরত শিক্ষাক, কর্মকর্তা ও কর্মচারীদের সন্তানদের ক্ষেত্রে বর্ণিত কোটা সুবিধায় ভর্তির জন্য বিবেচিত হবে। সন্তান ভর্তির সময় সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী-কে তার দপ্তর প্রধানের প্রত্যয়নপত্র দাখিল করতে হবে। তবে কর্মকর্তা নিজস্ব দপ্তরের প্রধান হলে সেক্ষেত্রে তাঁর এক ধাপ উপরের উর্ধ্বতন কর্মকর্তার প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।

৫। কলেজের ভর্তির ওয়েবসাইট **sbgcp.eshiksaems.com** এ প্রয়োজনীয় তথ্য প্রদান করে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে। ভর্তি ফি **Rocket-2373/** Apps এর মাধ্যমে **Education** অপশনে **Shahid Bulbul Govt College** টাইপ করতে হবে। Rocket হলে বিল সময়সীমা September ২০২৬ সিলেক্ট করতে হবে। অতঃপর Student ID হিসাবে শিক্ষার্থীর এসএসসি'র রোল নম্বর দিয়ে নির্ধারিত ফি পরিশোধ করলে শিক্ষার্থীর মোবাইল নম্বরে ভর্তি সম্পন্ন হওয়ার SMS যাবে।

অনলাইনে ভর্তি ফরম পূরণের জন্য প্রয়োজনীয় কাগজপত্র: পাসপোর্ট সাইজের ছবি ০১ কপি, শিক্ষার্থীর জন্মনিবন্ধনের ফটোকপি, পিতা-মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, মার্কশীট (অনলাইন কপি)।

অনলাইন ভর্তি ফরম পূরণ সংক্রান্ত বিস্তারিত নির্দেশনা-

- কলেজের ভর্তির ওয়েবসাইট **sbgcp.eshiksaems.com** এ গিয়ে নিম্নোক্ত **User Name** ও **Password** দিয়ে ভর্তি কার্যক্রম শুরু করতে হবে।
- **User Name: sbgcpstudent Password: sbgcpstudent** দিয়ে **Sign In** করতে হবে।
- এরপর **Admission** এ ক্লিক করে **Click for New Admission** এ ক্লিক করতে হবে।
- **Select Department** এবং **Enter SSC Roll (6 Digit)** ঘর দুটি পূর্ণ করে **Check for Admission** এ ক্লিক করলে ভর্তি ফরম আসবে।
- ভর্তি ফরমে চাহিত তথ্যাদি প্রদান করে Save বাটন ক্লিক করতে হবে।
- ভর্তি ফরমে অবশ্যই কলেজ নির্ধারিত ইউনিফর্ম পরিহিত অবস্থায় সদ্যতোলা ছবি আপলোড দিতে হবে। এই ছবি ভর্তির আবেদন ফরম, আইডি কার্ড ও বোর্ড রেজিস্ট্রেশনে ব্যবহার করা হবে। ভর্তি ফি প্রদান করে **Application Form Reprint** অপশন থেকে পূরণকৃত ফরম ডাউনলোড করে ২ কপি প্রিন্ট করে ১ কপি কলেজে জমা দিতে হবে এবং অন্যকপি নিজের সংগ্রহে রাখতে হবে। **এখানেই ভর্তি প্রক্রিয়া শেষ।** উল্লেখ্য ভর্তি ফরমের সঙ্গে অন্য কোনো কাগজপত্র জমা দিতে হবে না।

৬। পরবর্তীতে চাহিবামাত্র এসএসসি পরীক্ষার মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট কলেজ অফিসে জমা দিতে হবে।

৭। ভর্তি সংক্রান্ত যেকোন তথ্যের জন্য যোগাযোগ:

i) আহ্বায়ক, মোঃ শফিউল আলম (সহযোগী অধ্যাপক, ব্যবস্থাপনা), মোবাইল: ০১৭১৮-৯৩৬৪৬৬

ii) সদস্য: মোঃ কায়ছার আহমেদ (সহকারী অধ্যাপক, ইতিহাস), মোবাইল: ০১৭১৭-৫৪৭৪৪৩

"বিষয় গুচ্ছ"

নিম্নবর্ণিত ছক অনুসারে বিষয় নির্বাচন করতে হবে। সকল গ্রুপের চতুর্থ বিষয় এবং মানবিকের নৈর্বাচনিক বিষয় নির্বাচন অবশ্যই শিক্ষার্থীদের সঠিক সিদ্ধান্ত নিয়ে করতে হবে।

শাখা	আবশ্যিক বিষয় (বাধ্যতামূলক)	নৈর্বাচনিক বিষয় বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষায় যে কোন ১টি বিষয় এবং মানবিকে যে কোন ৩টি বিষয় নির্বাচন করতে হবে।	চতুর্থ বিষয় যে কোন ১টি বিষয় নির্বাচন করতে হবে।
বিজ্ঞান	১। বাংলা (১০১, ১০২) ২। ইংরেজি (১০৭, ১০৮) ৩। পদার্থ বিজ্ঞান (১৭৪, ১৭৫) ৪। রসায়ন (১৭৬, ১৭৭) ৫। আইসিটি (২৭৫)	১। উচ্চতর গণিত (২৬৫, ২৬৬) অথবা জীববিদ্যা (১৭৮, ১৭৯)	১। জীববিদ্যা (১৭৮, ১৭৯) ২। উচ্চতর গণিত (২৬৫, ২৬৬) ৩। কৃষিশিক্ষা (২৩৯, ২৪০)
ব্যবসায় শিক্ষা	১। বাংলা (১০১, ১০২) ২। ইংরেজি (১০৭, ১০৮) ৩। হিসাববিজ্ঞান (২৫৩, ২৫৪) ৪। ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা (২৭৭, ২৭৮) ৫। আইসিটি (২৭৫)	১। ফিন্যান্স, ব্যাংকিং ও বীমা (২৯২, ২৯৩)	১। অর্থনীতি (১০৯, ১১০) ২। কৃষিশিক্ষা (২৩৯, ২৪০)
মানবিক	১। বাংলা (১০১, ১০২) ২। ইংরেজি (১০৭, ১০৮) ৩। আইসিটি (২৭৫)	**(যে কোনো ৩টি বিষয় নির্বাচন করতে হবে)** ১। অর্থনীতি (১০৯, ১১০) ২। সমাজবিজ্ঞান (১১৭, ১১৮) ৩। যুক্তিবিদ্যা (১২১, ১২২) ৪। পৌরনীতি (২৬৯, ২৭০) ৫। ইতিহাস (৩০৪, ৩০৫) অথবা ইসলামের ইতিহাস (২৬৭, ২৬৮)	নৈর্বাচনিক ৩টি বিষয় গৃহীত হওয়ার পর যে কোনো একটি অথবা কৃষিশিক্ষা (২৩৯-২৪০)
বি:দ্র: একই বিষয় নৈর্বাচনিক এবং চতুর্থ বিষয় হিসেবে নির্বাচন করা যাবে না।			

শিক্ষার্থীদের জন্য নির্ধারিত পোশাক

শাখা	ছাত্র	ছাত্রী
বিজ্ঞান	বিস্কুট কালার ফুল হাতা শার্ট, লাল সোল্ডার, নেভী ব্লু প্যান্ট, কালো জুতা।	বিস্কুট কালার কামিজ, লাল সোল্ডার, নেভী ব্লু সালোয়ার ও ওড়না/স্কার্ফ, সাদা কেড্স
মানবিক	বিস্কুট কালার ফুল হাতা শার্ট, নেভী ব্লু সোল্ডার, নেভী ব্লু প্যান্ট, কালো জুতা।	বিস্কুট কালার কামিজ, নেভী ব্লু সোল্ডার, নেভী ব্লু সালোয়ার ও ওড়না/স্কার্ফ, সাদা কেড্স
ব্যবসায় শিক্ষা	বিস্কুট কালার ফুল হাতা শার্ট, সবুজ সোল্ডার, নেভী ব্লু প্যান্ট, কালো জুতা।	বিস্কুট কালার কামিজ, সবুজ সোল্ডার, নেভী ব্লু সালোয়ার ও ওড়না/স্কার্ফ, সাদা কেড্স
ঐচ্ছিক পোশাক (যারা বোরখা/হিজাব পড়তে ইচ্ছুক)		বিস্কুট কালার বোরকা, নেভী ব্লু হিজাব

Buddin
০৬/১০/১২/২৬

প্রফেসর মোঃ বাহেজ উদ্দিন
আইডি. নং-৭৮৮২
অধ্যক্ষ
শহীদ বুলবুল সরকারি কলেজ, পাবনা